# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩০ বর্ষ ১০ম সংখ্যা
১৭ জ্যৈষ্ঠ ১৪২২, ৩১ মে ২০১৬




*জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৭তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ২৫ মে ২০১৬ ভোরে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ের পক্ষে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় অন্যান্যের মধ্যে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন উপস্থিত ছিলেন।*

### যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবির জন্মবার্ষিকী উদ্‌যাপিত

## নজরুলের মানবতাবাদী ও অসাম্প্রদায়িক চেতনাকে শিশুদের মাঝে ছড়িয়ে দিতে হবে -উপাচার্য

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১১ জ্যৈষ্ঠ ১৪২৩ বাংলা/২৫ মে ২০১৬ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষ্যে ভোরে শিক্ষক, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা-কর্মচারীগণ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে শোভাযাত্রাসহকারে কবির মাজারে যান এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য কবির মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল এবং শিক্ষক সমিতিসহ বিভিন্ন সংগঠনও পুষ্পস্তবক অর্পণ করে।

পরে কবির মাজার প্রাঙ্গণে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়। স্মরণ সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, নজরুল বিশেষজ্ঞ এমিরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলাম, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, আর্থ এন্ড এনভায়রণমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বক্তব্য রাখেন। বাংলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. বেগম আকতার কামাল অনুষ্ঠান সঞ্চালন করেন। নজরুলের নাতি নজরুলের কবিতা আবৃত্তি করেন। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সভাপতির বক্তব্যে জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে মানবতা, অসাম্প্রদায়িক ও সম্প্রীতির কবি হিসেবে আখ্যায়িত করে নজরুলের জন্মদিনের শুভেচ্ছা জানান সকলকে। তিনি বলেন, আজকের আনুষ্ঠানিকতার মধ্যে যেন নজরুল চর্চা থেমে না থাকে। জাতীয় ও বিশ্ব প্রেক্ষাপটে 'জঙ্গীবাদ ও সাম্প্রদায়িকতা রোধে' নজরুলের গান, কবিতা ও প্রবন্ধ আজ অত্যন্ত প্রাসঙ্গিক ও অনুপ্রেরণার উৎস। নজরুলের রচনা চেতনাকে শানিত করে, তাই আজ সবচেয়ে বেশি প্রয়োজন তরুণ প্রজন্ম বিশেষ করে প্রাথমিক পর্যায়ে নজরুলের মানবতাবাদী ও অসাম্প্রদায়িক চেতনাকে শিশুদের মাঝে ছড়িয়ে দেওয়া। তাদেরকে নজরুলের রচনা দ্বারা উদ্বুদ্ধ করা।

উপাচার্য তুরস্কের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, কামাল আতাতুর্কের তুরস্ক, নজরুলের প্রগতিশীল তুরস্ক আজ মৌলবাদে আক্রান্ত। তুরস্ক আমাদের মানবতাবিরোধী বিচারের সমালোচনা করে, প্রতিবাদ করে অথচ ধর্মের নামে যে অধর্ম হয়েছে তার বস্তুনিষ্ঠ উদাহরণ হলো আমাদের মুক্তিযুদ্ধ-১৯৭১। তাই সবক্ষেত্রে নজরুলের দর্শন, সত্যনিষ্ঠতা ও দেশপ্রেম প্রচার ও চর্চা করার দায়িত্ব বর্তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওপর। কারণ ঢাকা বিশ্ববিদ্যালয় নজরুলের স্মৃতিধন্য। উপাচার্য তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের নজরুল মনস্ক হওয়ার আহ্বান জানিয়ে বলেন, তাহলেই অসাম্প্রদায়িক চেতনা সম্পন্ন আদর্শ নাগরিক হওয়া যাবে।

## সকল ধর্মের প্রতি পারস্পরিক শ্রদ্ধা প্রদর্শন করতে হবে-উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রত্যেক ধর্মের প্রতি পারস্পরিক শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, সকল ধর্মের মূল কথা মানবকল্যাণ। তাই মানবতার কল্যাণে সবাইকে কাজ করতে হবে। বুদ্ধপূর্ণিমা উপলক্ষে গত ১৮ মে ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে "বৌদ্ধ নীতিবাদ ও বাংলাদেশের সমাজব্যবস্থা" শীর্ষক বিশেষ সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে এই সেমিনার আয়োজন করা হয়।

পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়ার সভাপতিত্বে সেমিনারে বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের সভাপতি সংঘনায়ক শুদ্ধানন্দ মহাথেরো এবং ঢাকাস্থ রামকৃষ্ণ মিশনের সহ-সম্পাদক শ্রীমৎ স্বামী স্থিরাত্মানন্দজী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। নটরডেম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফাদার বেঞ্জামিন কস্তা সেমিনার উদ্বোধন করেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নেহাল করিম। আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অধ্যাপক ড. আনিসুজ্জামান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ধর্মের মূলনীতি বা দর্শনকে গুরুত্ব না দিয়ে মানুষ ধর্মীয় আচার-আচরণকে প্রাধান্য দেয়। ধর্মের নামে চালায় নানা অধর্মীয় কর্মকাণ্ড। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে এদেশে ধর্মের নামে গণহত্যা ও নির্যাতন চালানো হয়েছিল। গবেষণার মাধ্যমে এসব সত্য উদ্‌ঘাটনের জন্য তিনি শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সত্যকে অনুসন্ধান করাই বিশ্ববিদ্যালয়ের মূল কাজ। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বক্তব্য উদ্ধৃত করে উপাচার্য বলেন, ধর্মনিরপেক্ষতা মানে ধর্মহীনতা নয়। ধর্মীয় অনুশাসন মেনেই আমাদের ধর্মনিরপেক্ষ হতে হবে।

## ক্রিমিনোলজি বিভাগের ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ক্রিমিনোলজি বিভাগের ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী উৎসব গত ১৪ মে ২০১৬ উদ্‌যাপিত হয়েছে। সামাজিক বিজ্ঞান ভবনের মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ফারুক খান এমপি এবং ডিআইজি মনিরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান।

উপাচার্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, মুক্তিযুদ্ধের চেতনাকে ধারন করে এই বিশ্ববিদ্যালয়ের ইতিহাস-ঐতিহ্যকে স্মরণ রাখতে হবে। ভুলে গেলে চলবে না জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। ভাষা আন্দোলন থেকে নানা আন্দোলন এবং (২য় পৃষ্ঠায় দেখুন)




*ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগের ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী উৎসব গত ১৪ মে ২০১৬ উদ্‌যাপিত হয়েছে। মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ফারুক খান এমপি এবং ডিআইজি মনিরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান।*

### মুক্তিযুদ্ধ গবেষণা প্রশিক্ষণ কোর্সের সনদপত্র বিতরণ

## মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্যের সাথে নতুন প্রজন্মের যোগসূত্র সৃষ্টি করতে হবে -উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে দু'দিনব্যাপী 'বাংলাদেশের মুক্তিযুদ্ধ গবেষণা প্রশিক্ষণ কোর্স'-এর সমাপনী অনুষ্ঠান গত ২১ মে ২০১৬ বিশ্ববিদ্যালয়ের সিরাজুল ইসলাম লেকচার হলে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠান সঞ্চালনা করেন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আশফাক হোসেন।

সনদ বিতরণ শেষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধ ইতিহাসের এক অসাধারণ ঘটনা। প্রতি মাসে, প্রতিদিনে কত মানুষ আত্মত্যাগ অর্জন করেছি। অর্থনৈতিক মুক্তি, কুসংস্কার থেকে মুক্তি তথা সার্বিক সামাজিক কল্যাণের জন্য আমাদের মুক্তির লড়াই চালিয়ে যেতে হবে। উপাচার্য প্রশিক্ষণার্থীদের বলেন, পাকিস্তান ও তুরস্ক থেকে যুদ্ধাপরাধী মানবতাবিরোধী ব্যক্তিদের বিচার ও শাস্তির বিষয়ে প্রতিবাদ আসে। এদেশের কিছু মানুষ রাজনীতির নামে মানুষ হত্যা করছে- এসব হত্যাকাণ্ডকেও তারা সমর্থন করে। এক শ্রেণির রাজনীতিবিদ যে অপপ্রচার করছেন সেসবের বিরুদ্ধে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি এবং তরুণ প্রজন্মকে সতর্ক থাকতে হবে। কারণ পৃথিবীতে গণহত্যা সমর্থনযোগ্য নয়, আজও দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুদ্ধাপরাধীদের চিহ্নিত করে বিচার করা হচ্ছে। বাংলাদেশেও




করেছে, গণহত্যার শিকার হয়েছে; পৃথিবীতে তা এক বিরল ঘটনা- যা ছিল 'হাই ভোল্টেজ জেনোসাইড'। এই প্রশিক্ষণ কর্মসূচীর মধ্য দিয়ে যে অভিজ্ঞতা অর্জন করলে তা নিজের প্রজন্মের কাছে যার যার কর্মক্ষেত্রে ছড়িয়ে দিতে হবে। উপাচার্য আরও বলেন, শুধুমাত্র কলা কিংবা মানববিদ্যা অনুষদ নয়, সকল অনুষদের ছাত্র-ছাত্রী-গবেষক-শিক্ষক অংশ নেবেন মুক্তিযুদ্ধের ইতিহাস চর্চায়, যার যার অবস্থান থেকে মুক্তিযুদ্ধের ইতিহাসকে জানতে হবে। সামরিক এবং সিভিল নেতৃত্বে মুক্তিযুদ্ধ সংগঠিত হয়েছে, তাদের পরিচয় করিয়ে দিতে হবে এবং মুক্তিযুদ্ধের ঐতিহ্যের সাথে নতুন প্রজন্মের সাথে যোগসূত্র সৃষ্টি করতে হবে। তাই কিছুদিন পর পর এ ধরনের কর্মসূচী গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের প্রতি উপাচার্য পরামর্শ দেন।

উপাচার্য বলেন, মুক্তিযুদ্ধের মূলমন্ত্র ছিল জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ভাষণ । দিব্যদৃষ্টিতে বঙ্গবন্ধু ভবিষ্যতকে দেখেছিলেন। তিনি যে মুক্তির কথা বলেছিলেন সে ভিত্তিতে তাঁরই নেতৃত্বে রাজনৈতিক মুক্তি আমরা মানবতাবিরোধীদের বিরুদ্ধে বিচার অব্যাহত রাখতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠান থেকে ৪৫জন শিক্ষক, গবেষক, শিক্ষার্থী এই কর্মসূচীতে অংশগ্রহণ করেছেন। প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষকরা ছিলেন অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন, মেজর (অব:) রফিকুল ইসলাম বীর উত্তম, অধ্যাপক ড. শরীফ উদ্দীন আহমেদ, অধ্যাপক ড. মুনতাসীর মামুন, অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন, অধ্যাপক ড. মেসবাহ কামাল, অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, ড. আকসাদুল আলম, মুফিদুল হক, আফসান চৌধুরী, প্রমুখ।

উল্লেখ্য, গত ২০ মে ২০১৬ বিশ্ববিদ্যালয়ের সিরাজুল ইসলাম লেকচার হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে দু'দিনব্যাপী 'বাংলাদেশের মুক্তিযুদ্ধ গবেষণা প্রশিক্ষণ কোর্স'র উদ্বোধন করা হয়। বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন।

## সুশিক্ষাই দেশের সর্বোত্তম প্রতিরক্ষা-উপাচার্য




জাতীয় পরিকল্পনা ও বাজেট সম্পর্কিত সংসদীয় ককাস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার অন বাজেট এন্ড পলিসি এবং গণতান্ত্রিক বাজেট আন্দোলনের যৌথ উদ্যোগে গত ২১ মে ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে দিনব্যাপী অনুষ্ঠিত হয় 'জন-বাজেট-সংসদ' শীর্ষক ছায়া বাজেট সংসদ। সকালে উদ্বোধনী অধিবেশনে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সভাপতির বক্তব্যে বলেছেন, প্রতিরক্ষা খাতের প্রয়োজন আছে তবে, সুশিক্ষাই দেশের সর্বোত্তম প্রতিরক্ষা। এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে 'জন-বাজেট-সংসদ'-এর উদ্বোধন করেন অর্থ-মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ড. আব্দুর রাজ্জাক এমপি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাজেট সম্পর্কিত সংসদীয় ককাসের সহ-সভাপতি কবি কাজী রোজী এমপি, ককাসের সাধারণ সম্পাদক জনাব নাজমুল হক প্রধান এমপি, পরিকল্পনা কমিশনের সদস্য ও জ্যেষ্ঠ সচিব অধ্যাপক ড. শামসুল আলম, বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক জামালউদ্দীন আহমদ, একশন এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, গণতান্ত্রিক বাজেট আন্দোলনের সভা প্রধান ড. প্রতিমা পাল মজুমদার প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ড. কাজী মারুফুল ইসলাম। উদ্বোধনী অধিবেশনে 'জাতীয় বাজেট ২০১৬-১৭ জন অংশীদারিত্বের সন্ধানে' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন অতিথিরা।

সভাপতির বক্তব্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ এবং অগ্রাধিকারের ওপর গুরুত্বারোপ করে বলেন শিক্ষিত জনগোষ্ঠীই সর্বোত্তম প্রতিরক্ষা। প্রতিরক্ষা খাতের প্রয়োজন আছে। তবে দক্ষ জনশক্তি না থাকলে, শিক্ষিত মানবসম্পদ না থাকলে ভাল প্রতিরক্ষা ব্যবস্থা পাওয়া যাবেনা। দক্ষ ডাক্তার না থাকলে ভাল স্বাস্থ্যসেবা পাওয়া যাবেনা। কৃষিতে ভাল ছাত্র না থাকলে ভাল কৃষি বিশেষজ্ঞ পাওয়া যাবেনা। সুশিক্ষিত রাজনীতিবিদ না থাকলে দেশ এগিয়ে নিয়ে যাওয়া যাবেনা।

উপাচার্য আরো বলেন, আজকে আমরা ৮ম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পুন:সংস্কারের সিদ্ধান্ত গ্রহণ করেছি। অথচ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষাখাতকে সর্বাধিক গুরুত্ব দিয়ে কুদরত-এ-খোদা শিক্ষা কমিশন গঠন করেন এবং প্রাথমিক শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছিলেন। আজকে তাই সবচেয়ে অগ্রাধিকারের বিষয় হলো প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অধিকতর বরাদ্দ বৃদ্ধি করা। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মান-সম্মত শিক্ষা এবং অভিজ্ঞ শিক্ষক বিশেষ প্রয়োজন। উচ্চ শিক্ষা পর্যায়ে শিক্ষকরা যেমন বিদেশে গিয়ে পড়াশুনা ও প্রশিক্ষণের সুযোগ গ্রহণ করেন সেরকম প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদেরও সে সুযোগ দিতে হবে। সেজন্যে শিক্ষাখাতে জাতীয় বাজেট বৃদ্ধি করা আবশ্যক।




*ভাষা আন্দোলন স্মৃতি রক্ষা পরিষদের উদ্যোগে 'আসামের ভাষাশহীদ দিবস' উপলক্ষে গত ১৯ মে ২০১৬ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পুষ্পস্তবক অর্পণ করেন এবং আলোচনা সভায় বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাষাসংগ্রামী অধ্যাপক ডা. মির্জা মাজহারুল ইসলাম।*

## ক্রিমিনোলজি বিভাগ

*(১ম পৃষ্ঠার পর)*

মুক্তিযুদ্ধে বিশ্ববিদ্যালয়ের অগণিত শিক্ষক-শিক্ষার্থী প্রাণ দিয়েছেন। উপাচার্য আরও বলেন, নৈতিক শক্তি দিয়ে গড়ে তুলতে হবে নিজেদের। এগিয়ে নিতে হবে দেশ ও সমাজকে। দুর্নীতি নয়, সত্যের পথে থাকতে হবে, সত্য থেকে বিচ্যুত হলে চলবে না। নৈতিকতা দিয়ে জীবন শুরু, নৈতিকতা দিয়ে শেষ, নৈতিকতা ও সততা হবে মূল্যবোধের ভিত্তি।

প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকীতে সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, জাতিগতভাবে আমরা এগিয়ে চলেছি উন্নত দেশের দিকে। মধ্যবর্তী আয়ের দেশের এই ক্রান্তিকালীন সময়ে অপরাধ বিস্তৃত হতে পারে। সমাজ অপরাধমুক্ত নয়, তবে অপরাধকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে অপরাধ বিজ্ঞান পড়া ও গবেষণা অত্যন্ত সময়োপযোগী।



*লিওনার্ড চেশিয়ার ডিজএ্যাবিলিটি বাংলাদেশ'র চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাত-এর উদ্যোগে এনোনটেক্স গ্রুপের চেয়ারম্যান ও এমডি ইউনুস বাদল গত ১৯ মে ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয়ের দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের লেখাপড়ার সহায়তায় একটি ব্রেইল প্রিন্টার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে হস্তান্তর করেন।*

## প্রমোদ মানকিন -এর মৃত্যুতে উপাচার্যের শোক

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট প্রমোদ মানকিন-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক



গভীর শোক প্রকাশ করেছেন। গত ১১ মে ২০১৬ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অ্যাডভোকেট প্রমোদ মানকিন ছিলেন মুক্তিযুদ্ধের একজন বীর সংগঠক। তিনি বঙ্গবন্ধুর একান্ত অনুসারী এবং প্রগতিশীল ও অসাম্প্রদায়িক ব্যক্তিত্ব ছিলেন। তাঁর মৃত্যুতে দেশ একজন প্রকৃত দেশপ্রেমিককে হারালো।'

উপাচার্য তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মানকিন ১৯৩৯ সালের ১৮ এপ্রিল নেত্রকোনার রামনগর গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৬৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত নটরডেম কলেজ থেকে ব্যাচেলর অব আর্টস (বিএ) ডিগ্রি এবং ১৯৬৮ সালে ময়মনসিংহ টিচার্স ট্রেনিং কলেজ থেকে ব্যাচেলর অব এডুকেশন (বি.এড) ডিগ্রী অর্জন করেন। ময়মনসিংহ 'ল' কলেজ থেকে ১৯৮২ সালে এলএলবি ডিগ্রিও লাভ করেন। স্কুল শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করে পরবর্তীকালে তিনি আইন পেশা এবং এনজিও কার্যক্রমে সংশ্লিষ্ট হন। প্রমোদ মানকিন বাংলাদেশ-ভারত মৈত্রী সোসাইটির অন্যতম ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ভাইস চেয়ারম্যান, দক্ষিণ-পূর্ব এশিয়া মানবাধিকার কমিশনের সদস্য এবং একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সদস্যও ছিলেন। ১৯৯১, ২০০১, ২০০৮, এবং ২০১৩ সালের নির্বাচনে সংসদ সদস্য পদে নির্বাচিত হওয়া প্রমোদ মানকিন ২০০৮ সালে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান পদে দায়িত্ব নেন। এরপর ২০০৯ সালের ১৫ জুলাই থেকে ২০১২ সালের ১৫ সেপ্টেম্বর পর্যন্ত তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১২ সালের ১৫ সেপ্টেম্বর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব লাভ করেন।

উল্লেখ্য, অ্যাডভোকেট প্রমোদ মানকিন গত ১১ মে ২০১৬ ভারতের মুম্বাইয়ের হলি ফ্যামিলি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৭ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, পাঁচ কন্যা ও এক পুত্রসহ অসংখ্য স্বজন, শুভানুধ্যায়ী ও গুণগ্রাহী রেখে গেছেন।

## অধ্যাপক খালেদা একরাম -এর মৃত্যুতে উপাচার্যের শোক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক খালেদা একরামের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।




গত ২৪ মে ২০১৬ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক খালেদা একরাম উপাচার্য হিসেবে অত্যন্ত নিষ্ঠা ও সাফল্যের সাথে তাঁর দায়িত্ব পালন করে গেছেন। ৪০ বছরের বেশি সময় ধরে তিনি শিক্ষকতা করেছেন। স্থাপত্যবিদ্যায় বিশেষজ্ঞ একজন শিক্ষক হিসেবে তাঁর অবদানের জন্য জাতি তাঁকে স্মরণ করবে। উপাচার্য অধ্যাপক খালেদা একরামের আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

খালেদা একরামের জন্ম ১৯৫০ সালের ৬ আগস্ট ঢাকায়। তাঁর পৈত্রিক নিবাস। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের অধ্যাপক ছিলেন। বুয়েটের প্রথম নারী উপাচার্য হিসেবে তিনি ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে চার বছরের জন্য নিয়োগ পান।

উল্লেখ্য, গতকাল ২৩ মে ২০১৬ সোমবার দিবাগত রাত ২টা ৫ মিনিটে ব্যাংককের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় অধ্যাপক খালেদা একরাম মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিলো ৬৫ বছর। মৃত্যুকালে তিনি দুই মেয়ে, এক ছেলে ছাড়াও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

## অধ্যাপক আনিসুর রহমান-এর মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. আনিসুর রহমান-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।



গত ১৩ মে ২০১৬ এক শোকবাণীতে উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আনিসুর রহমান একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ছিলেন। তিনি দীর্ঘদিন বিশ্ববিদ্যালয়ে মনোবিজ্ঞান বিভাগে শিক্ষকতা করেছেন এবং ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের প্রতিষ্ঠায় তাঁর বিশেষ অবদান ছিল। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক ড. আনিসুর রহমান ১৯৪৩ সালের ১ মে টাঙ্গাইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৫৪ সালে এসএসসি এবং ১৯৫৬ সালে এইচএসসি পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে প্রথম বিভাগে উত্তীর্ণ হন। ১৯৬৩ সালে দর্শন বিভাগে বিএ অনার্স পাশ করেন। ১৯৬৪ ও ১৯৬৫ সালে যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগ থেকে দুটি এমএ পরীক্ষা সম্পন্ন করেন। ১৯৭৬ সালে চিকিৎসা মনোবিজ্ঞান বিষয়ে লন্ডনের 'ইনস্টিটিউট অব সাইক্রিয়াট্রি' থেকে পিএইচ ডি ডিগ্রী অর্জন করেন।

অধ্যাপক ড. আনিসুর রহমান ১৯৬৬ সালের ৪ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন, ১৯৭৬ সালের ২০ আগস্ট সহকারী অধ্যাপক, ১৯৭৮ সালের ২৯ আগস্ট সহযোগী অধ্যাপক এবং ১৯৯১ সালের ১০ অক্টোবর অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৮ সালের ৩০ জুন অবসর গ্রহণ করেন।

অধ্যাপক ড. আনিসুর রহমান গত ১৩ মে ২০১৬ মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। মৃত্যুকালে তিনি এক মেয়ে ও বহু গুণগ্রাহী রেখে গেছেন। মরহুমের প্রথম জানাযা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদুল জামিয়ায় এবং দ্বিতীয় জানাযা টাঙ্গাইলে নিজ গ্রামে সম্পন্ন হয়।

## অধ্যাপক এম এ মমিন-এর মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের প্রাক্তন অধ্যাপক এম এ মমিন গত ১০ মে ২০১৬ রাজধানীর বারডেম হাসপাতালে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।

প্রাক্তন অধ্যাপক এম এ মমিন-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক এম এ মমিন ছিলেন একজন মেধাবী ও নিষ্ঠাবান শিক্ষক। সমাজকল্যাণ শিক্ষা বিষয়ে বিশেষজ্ঞ হিসেবে বিশেষ সুনাম অর্জন করেছেন। সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে তাঁর শিক্ষকতা জীবনে যে মেধা ও আন্তরিকতার স্বাক্ষর রেখে গেছেন তা বিশ্ববিদ্যালয়ে স্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক এম এ মমিনের জন্ম ১৯৩৩ সালের ২ ফেব্রুয়ারি। তিনি ১৯৬১ সালের ১৮ ডিসেম্বর সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে প্রভাষক হিসেবে যোগদান করেন। তিনি ইনস্টিটিউটে ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে ১৯৭৩ সালের ৯ ফেব্রুয়ারি থেকে ২ জুলাই দায়িত্ব পালন করেন। পরিচালক হিসেবে ৪ আগস্ট ১৯৮৮ থেকে ৩ আগস্ট ১৯৯১ পর্যন্ত দায়িত্ব পালন করেন। অবসর গ্রহণ করেন ১৯৯৩ সালের ৩০ জুন। পরবর্তীতে অধ্যাপক এম এ মমিন ইনস্টিটিউটে ১৯৯৩ সালের ৩০ জুন থেকে ১৯৯৮ সালের ৩০ ডিসেম্বর পর্যন্ত পুনঃনিয়োগ পান। তিনি সবশেষ ২০১৫ সালের ১ আগস্ট পর্যন্ত ইনস্টিটিউটে অনারারী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেন।

পরদিন ১১ মে ২০১৬ অধ্যাপক এম এ মমিনের দু'টি জানাজা অনুষ্ঠিত হয়। সকালে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট প্রাঙ্গণে মরহুমের প্রথম জানাজায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। পরে বাদ যোহর তাঁর দ্বিতীয় জানাজা কেন্দ্রীয় মসজিদুল জামিয়ায় অনুষ্ঠিত হয়।

## সেলিমা আহমেদের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমেদের স্ত্রী সেলিমা আহমেদের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য সেলিমা আহমেদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, আজ ১৯ মে ২০১৬ বৃহস্পতিবার সন্ধ্যায় তিনি বারডেম হাসপাতালে মৃত্যুবরণ করেছেন।

## তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে পুনর্মিলনী




ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের এম এ (ইভনিং) প্রোগ্রাম অ্যালামনাই এসোসিয়েশনের 'পুনর্মিলনী ২০১৬' গত ২৯ এপ্রিল ২০১৬ ছাত্র-শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন উড়িয়ে পুনর্মিলনী অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২১ নং ওয়ার্ড কাউন্সিলর অ্যাডভোকেট এম এ হামিদ খানসহ বিভাগের শিক্ষকবৃন্দ ও দেশের বিভিন্ন স্থানে কর্মরত গ্রন্থাগার ও তথ্য পেশাজীবী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন বলেন, আমার দৃঢ় বিশ্বাস এই পুনর্মিলনী ও নবগঠিত অ্যালামনাই সোসাইটির মাধ্যমে নবীণ ও প্রবীণ গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের মাঝে সেতুবন্ধন রচনায় ইতিবাচক ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং পেশাজীবীদের মাঝে প্রাণসঞ্চার করবে, যা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা শিক্ষা, গবেষণা এবং এ পেশার মান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে অ্যালামনাই সোসাইটির পক্ষ থেকে ১ম থেকে ২০তম ব্যাচের প্রথম শ্রেনিপ্রাপ্ত সকলকে সম্মাননা দেয়া হয় এবং পিএইচ ডি অর্জন করায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির গ্রন্থাগারিক ড. মো. মিলন খান এবং ব্যানবেইসের সহকারী গ্রন্থাগারিক ও বাংলাদেশ গ্রন্থাগার সমিতির মহাসচিব ড. মো. মিজানুর রহমানকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।

## ইউল্যাব স্কুলে দুর্নীতিবিরোধী সভা

তরুণদের মাঝে দুর্নীাতিবিরোধী অঙ্গীকার জাগ্রত করা ও তথ্য অধিকার আইন সম্পর্কে তাদের অবগত করার উদ্দেশ্যে টিআইবি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়স্থ ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের যৌথ উদ্যোগে গত ২৮ এপ্রিল ২০১৬ এক প্রচারাভিযান অনুষ্ঠিত হয়। এতে অংশ নেয় প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা। পরে স্কুলের শহীদ সাদেক মিলনায়তনে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কুলের অধ্যক্ষ মো: হাবিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ সেলিনা বানু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টিআইবি'র ট্রাস্টি বোর্ডের উপদেষ্টা পরিষদের সদস্য অ্যাডভোকেট তানবীর-উল-ইসলাম সিদ্দিকী। অনুষ্ঠান সঞ্চালনা করেন টিআইবি'র সদস্য অ্যাডভোকেট মোহাম্মদ আনিসুর রহমান সরকার।

মতবিনিময় সভায় তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করার মাধ্যমে কীভাবে দুর্নীতি প্রতিরোধ করা সম্ভব তার বিস্তারিত আলোচনা করা হয়। এর পাশাপাশি শিক্ষার্থীদের অংশগ্রহণে পরিচালিত হয় দুর্নীতিবিরোধী গেম শো ও কার্টুন প্রদর্শনী। সবশেষে অধ্যক্ষ মো: হাবিবুর রহমানের নেতৃত্বে শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করানোর মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়।

## এম এইচ রাহী স্মৃতি বিতর্ক প্রতিযোগিতা



"দুর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি" প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হলে অনুষ্ঠিত হলো "১ম এম এইচ রাহী স্মৃতি বিতর্ক প্রতিযোগিতা-২০১৬"। গত ১৪ মে ২০১৬ প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন পুরস্কার বিতরণ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. হারুনুর রশিদ, হল ডিবেটিং ক্লাবের মডারেটর ড. এ কে লুৎফুল কবীর, এম এইচ রাহীর পিতা মো: জামাল-বীন-হায়দারী এবং ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি জি এম আরিফুজ্জামান। সভাপতিত্ব করেন এফ এইচ হল ডিবেটিং ক্লাবের সভাপতি মো: মোনওয়ারুল ইসলাম।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন প্রধান অতিথির বক্তব্যে পুরস্কারপ্রাপ্ত বিতার্কিকদের অভিনন্দন জানিয়ে বলেন, প্রতিপাদ্য বিষয়টি যথার্থরূপে সকলের সচেতনতাকে উদ্বুদ্ধ করবে যদি আমরা তা গুরুত্বের সাথে উপলব্ধি করি। বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে সবার সাঁতার শেখা উচিত। এখানে নামমাত্র মূল্যে সাঁতার শেখানো হয়। তাতে কোন দুর্ঘটনা মোকাবেলায় আত্মরক্ষার কৌশল হিসেবে এই প্রশিক্ষণ কাজ করবে।

বিতর্ক প্রতিযোগিতায় আন্ত:হল পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে "তমদ্দুন মজলিস", রানার আপ "সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ" এবং আন্ত:হল পর্যায়ে চ্যাম্পিয়ন "জিয়া হল ডিবেটিং ক্লাব" এবং রানার আপ "শহীদুল্লাহ হল ডিবেটিং ক্লাব"।

উল্লেখ্য, মেহফুজ হায়দারী রাহী ছিলেন এফ এইচ হল ডিবেটিং ক্লাবের এজন নিয়মিত বিতার্কিক এবং ২০১৪-১৫ সেশনের কার্যনির্বাহী সদস্য। ২০১৫ সালের ১৩ মে ৮ম জাতীয় বিতর্কের প্রাক্কালে এক মর্মান্তিক দুর্ঘনায় তিনি প্রাণ হারান। তাঁর স্মরণে এই বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## জাপানের প্রতিনিধিদল

জাপানের নারা উইমেন্স ইউনিভার্সিটির একটি প্রতিনিধিদল গত ১২ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন উইমেন্স ইউনিভার্সিটির প্রেসিডেন্ট হারুকি ইমাওকা। অন্যান্যদের মধ্যে প্রতিনিধিদলে ছিলেন একই বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক হিসাকি হায়াশী। তাদের সঙ্গে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবদুর রাজ্জাক খান।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের নারা উইমেন্স ইউনিভার্সিটির মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

## রাশিয়া, নেদারল্যান্ডস এবং জাপানের বিজ্ঞানীদল

রাশিয়া, নেদারল্যান্ডস এবং জাপানের প্রখ্যাত শিক্ষাবিদ ও বিজ্ঞানীদের ৭-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৫ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন- নেদারল্যান্ডস টুয়েনটে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এ্যান্টন নিজহোল্ট, জাপানের ন্যাশনাল ইনস্টিটিউট অব রেডিওলজিক্যাল সায়েন্সেস এর অধ্যাপক ড. তায়গা ইয়ামায়া, রাশিয়ান একাডেমি অব সায়েন্স এর অধ্যাপক ড. ইগোর কালিয়ায়েভ, রাশিয়া সাউদার্ন ফেডারেল বিশ্ববিদ্যালয় সায়েন্টিফিক রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক ড. ইয়াকব এস. করোভিন, ড. আনাতোলি কালায়েভ এবং ড. মাকসুম খিয়াউই।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক মো: আতিকুর রহমান আহাদ এবং আইইইই স্টুডেন্টস ব্রাঞ্চ এর চেয়ার মো: আহসান হাবীব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়া, নেদারল্যান্ডস ও জাপানের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বিভিন্ন আন্তর্জাতিক সম্প্রদায় বিশেষ করে তৎকালীন সোভিয়েত ইউনিয়নের সর্বাত্মক সমর্থন ও সহযোগিতার কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

উল্লেখ্য, রাশিয়া, নেদারল্যান্ডস এবং জাপানের প্রখ্যাত শিক্ষাবিদ ও বিজ্ঞানীগণ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সেন্টার অব ন্যাচারাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ (সিএনএসইআর) আয়োজিত "Informatics, Electronics & Vision (ICIEV)" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে বাংলাদেশ সফর করেন।

## ভারতের গুরু ঘাসিদাস সেন্ট্রাল ইউনিভার্সিটির চ্যান্সেলর

ভারতের গুরু ঘাসিদাস সেন্ট্রাল ইউনিভার্সিটির চ্যান্সেলর অধ্যাপক ড. এন. আর. মাধব মেনন গত ১৬ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা সাইবার ক্রাইমসহ একবিংশ শতাব্দীর নানা চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করেন। সাইবার ক্রাইম প্রতিরোধে তারা আইন শিক্ষার পাঠ্যক্রম আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের গুরু ঘাসিদাস সেন্ট্রাল ইউনিভার্সিটির মধ্যে আইন বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

## অস্ট্রেলিয়ান অধ্যাপক

অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির হিউম্যানিটেরিয়ান এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজের অধ্যাপক ড. এন্ড্রে এম এন রেনযাহো গত ১৭ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির মানববিদ্যা ও উন্নয়ন অধ্যয়ন বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সামাজিক বিজ্ঞান ও মনোবিজ্ঞান অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা বিনিময় কার্যক্রমের সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশ করায় অতিথিকে ধন্যবাদ জানান।

## হিউস্টন-টিলটসন ইউনিভার্সিটির ডিন

যুক্তরাষ্ট্রের টেক্সাস হিউস্টন-টিলটসন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস এন্ড টেকনোলজির ডিন ড. স্টিভেন এডমন্ড গত ১৮ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় বাংলাদেশ সংবাদ সংস্থার ভারপ্রাপ্ত প্রধান বার্তা সম্পাদক আনিসুর রহমান এবং 'স্বাক্ষর' এর চেয়ারপার্সন শামসুন নাহার আজিজ লিনা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং টেক্সাস হিউস্টন-টিলটসন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাসহ বিভিন্ন সামাজিক ও একাডেমিক বিষয় নিয়ে আলোচনা করা হয়। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## মালয়েশিয়া প্রতিনিধিদল

মালয়েশিয়ার পেরাক ডিসট্রিক্ট রোটারি ফাউন্ডেশন-এর চেয়ার ড. রাজিন্দর সিং এবং তেলুক ইনতান রোটারি ক্লাবের এ্যাসিসটেন্ট গভর্ণর সুরেন্দ্র কর গত ১৯ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা রোটারি ক্লাবের ডিস্ট্রিক্ট গভর্ণর এসএএম শওকত হোসেন এবং আফম আলমগীর উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এসময় বাংলাদেশ ও মায়েশিয়ার মধ্যে সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করা হয়।

## স্পেনের প্রতিনিধিদল

স্পেনের শান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটির অধ্যাপক শান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৯ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্য ছিলেন অধ্যাপক আম্পারো পোর্তা রিভাস।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'স্প্যানিশ ল্যাংগুয়েজ কোর্স' আরও সম্প্রসারণের বিষয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং শান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে ঢাকায় একটি আন্তর্জাতিক সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা করা হয়।


জাপানের নারা উইমেন্স ইউনিভার্সিটির একটি প্রতিনিধিদল গত ১২ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন উইমেন্স ইউনিভার্সিটির প্রেসিডেন্ট হারুকি ইমাওকা। অন্যান্যদের মধ্যে প্রতিনিধিদলে ছিলেন একই বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক হিসাকি হায়াশী।


রাশিয়া, নেদারল্যান্ডস এবং জাপানের প্রখ্যাত শিক্ষাবিদ ও বিজ্ঞানীদের ৭-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৫ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।


ভারতের গুরু ঘাসিদাস সেন্ট্রাল ইউনিভার্সিটির চ্যান্সেলর অধ্যাপক ড. এন. আর. মাধব মেনন গত ১৬ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।


যুক্তরাষ্ট্রের টেক্সাস হিউস্টন-টিলটসন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস এন্ড টেকনোলজির ডিন ড. স্টিভেন এডমন্ড গত ১৮ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।


মালয়েশিয়ার পেরাক ডিসট্রিক্ট রোটারি ফাউন্ডেশন-এর চেয়ার ড. রাজিন্দর সিং এবং তেলুক ইনতান রোটারি ক্লাবের এ্যাসিসটেন্ট গভর্ণর সুরেন্দ্র কর গত ১৯ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।


স্পেনের শান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটির অধ্যাপক শান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা-এর নেতৃত্বে ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৯ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।


অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির হিউম্যানিটেরিয়ান এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজের অধ্যাপক ড. এন্ড্রে এম এন রেনযাহো গত ১৭ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

# ঢাবি এবং সার্ন-এর মধ্যে চুক্তি সই

বিজ্ঞান ও গবেষণার গুণগত মান-উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউরোপিয়ান অর্গানাইজেশন ফর নিউক্লিয়ার রিসার্চ (সার্ন)-এর মধ্যে গত ২৪ মে ২০১৬ একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং সার্ন-এর রিসার্চ এন্ড



কম্পিউটিং শাখার পরিচালক অধ্যাপক ড. এখার্দ এলসেন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ, তাত্ত্বিক পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরশাদ মোমেন, অধ্যাপক ড. গোলাম মোহাম্মদ ভূঞা, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান এবং আইএসওএলডিই-এর স্পোকস্‌পার্সন অধ্যাপক ড. মারিয়া হোসে গার্সিয়া বর্গ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় বৈজ্ঞানিক গবেষণার উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সার্ন যৌথভাবে কাজ করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক চুক্তি স্বাক্ষরের জন্য সার্ন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও গবেষণার গুণগত মান-উন্নয়নে এই উদ্যোগ কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। এই চুক্তির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সার্ন-এর মধ্যে বিরাজমান সম্পর্ক আরও জোরদার হবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

# ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারক বক্তৃতা

ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র জন্ম এবং মৃত্যুবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলা বিভাগের উদ্যোগে দু'দিনব্যাপী 'ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারক বক্তৃতা-২০১৫' এর সমাপনী অনুষ্ঠান গত ৪ মে ২০১৬ আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে "সংকট মোকাবেলায় সাতিহ্য" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. মহীবুল আজিজ এবং "মুহম্মদ শহীদুল্লাহ্‌র লোকসাহিত্য ও ফোকলোর-ভাবনা" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন ঢাবি বাংলা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ।

উল্লেখ্য, গত ৩ মে ২০১৬ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ দু'দিনব্যাপী 'ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ স্মারক বক্তৃতা-২০১৫' এর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. বেগম আকতার কামাল। এতে "কাজী নজরুল ইসলাম ও ত্রি-মহাদেশীয় সাহিত্যতত্ত্ব" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন যুক্তরাষ্ট্রের গ্রান্ড ভ্যালি স্টেট ইউনিভার্সিটির লিবারেল স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. আজফার হোসেন এবং "শরৎচন্দ্র ও সামন্তবাদ" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী।

# ঢাবি এবং গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লি.-এর মধ্যে স্বাস্থ্যবীমার চুক্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় এবং গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড -এর মধ্যে গত ১৬ মে ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের উপস্থিতিতে স্বাস্থ্যবীমা বিষয়ক এক নতুন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উপাচার্য দফতরে আয়োজিত এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এম এম মনিরুল আলম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সাধারণ বীমা করপোরেশনের চেয়ারম্যান ড. মোহাম্মদ সোহরাব উদ্দীন, বিশ্বদ্যিালয়ের প্রধান মেডিকেল অফিসার ডা. এ কে এম আব্দুর রহমান, হিসাব পরিচালক মো. আশরাফ উদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের সভাপতি তোফাজ্জল চৌধুরী ও সাধারণ সম্পাদক হান্নান মিজিসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায় গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণি কর্মচারী ও তাদের স্পাউস, সন্তানদের স্বাস্থ্যবীমা সংক্রান্ত সেবা প্রদান করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক স্বাস্থ্যবীমা চুক্তি স্বাক্ষর করায় গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীরা যাতে স্বাস্থ্যবীমার সুফল ভোগ করতে পারে সেজন্য গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

# উর্দু বিভাগে ৫ লাখ টাকার অনুদান



ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগে 'ড. কানিজ-ই-বাতুল সেমিনার কক্ষ' উন্নয়নের লক্ষ্যে ৫ লাখ টাকার অনুদান প্রদান করা হয়েছে। উর্দু বিভাগের প্রয়াত অধ্যাপক ড. কানিজ-ই-বাতুল এর ছোট ভাই সৈয়দ আসাদ আব্বাস গত ১২ মে ২০১৬ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান ড. মো. ইস্রাফীলের কাছে অনুদানের এই চেক হস্তান্তর করেন।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, উর্দু বিভাগের অধ্যাপক ড. জাফর আহমদ ভূঁইয়া এবং সহকারী অধ্যাপক মো: গোলাম মাওলা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বক্তব্যে ড. কানিজ-ই-বাতুলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন একজন সৎ ও আদর্শ শিক্ষক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা উন্নয়নে তিনি সারাজীবন কাজ করে গেছেন। নজরুল বিষয়ক তাঁর গবেষণা চির স্মরণীয় হয়ে থাকবে।

উল্লেখ্য, অধ্যাপক ড. কানিজ-ই-বাতুল ১৯৫১ সালের ১৪ ডিসেম্বর ঢাকায় জন্মগ্রহণ করেন এবং ২০১৫ সালের ৭ জুলাই ইন্তেকাল করেন।

# ড. মমতাজউদ্দিন ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি



ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মমতাজউদ্দিন ট্রাস্ট ফান্ড-এর মূলধন বৃদ্ধির উদ্দেশ্যে ট্রাস্ট ফান্ডের দাতা মিসেস মাহমুদা রহমান পূর্বের ২ লক্ষ ৩৩ হাজার ৫৮০ টাকার সাথে আরও ১০ লক্ষ টাকার চেক গত ২৫ এপ্রিল ২০১৬ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। এতে উক্ত ফান্ডের মূলধন ১২ লক্ষ ৩৩ হাজার ২৮০ টাকায় উন্নীত হলো।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়, বিভাগের প্রবীণ অধ্যাপক ড. হাসনা বেগম, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমানসহ বিভাগের কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের মেধাবী ও কৃতি শিক্ষার্থীকে ট্রাস্ট ফান্ড কমিটির সুপারিশ অনুযায়ী ড. মমতাজউদ্দিন স্মারক স্বর্ণপদক ও বৃত্তি প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক এই ট্রাস্ট ফান্ডের আর্থিক অনুদান বৃদ্ধি করার জন্য দাতাকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন এর মাধ্যমে শিক্ষার্থীরা উপকৃত ও অনুপ্রাণিত হবে। উপাচার্য বলেন, মানুষ মানুষের জন্য। দাতারা ছাত্র-ছাত্রীদের জন্য এগিয়ে এসেছেন এটি একটি দৃষ্টান্ত। দাতাদের সাথে বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক অত্যন্ত আন্তরিক ও অনুপ্রেরণার উৎসবিশেষ। ছাত্র-ছাত্রীরা ভবিষ্যতে এ থেকে উৎসাহিত হবে, নৈতিকতা ও মানবিকতাসম্পন্ন আদর্শ নিয়ে গড়ে উঠবে।

# মৎস্য বিজ্ঞান বিভাগের উন্নয়নের জন্য অধ্যাপক শফি কর্তৃক ৩০ লক্ষ টাকা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় মৎস্য বিজ্ঞান বিভাগের নিজস্ব ভবনের নির্মাণ কাজ, অবকাঠামো নির্মাণ এবং শিক্ষা ও গবেষণার উন্নয়নের জন্য উক্ত বিভাগের অনারারি অধ্যাপক ড. মোহাম্মদ শফি ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা প্রদান করেন। এ উপলক্ষে তিনি গত ৪ মে ২০১৬ উপাচার্য দফতরে আয়োজিত এক অনুষ্ঠানে ৩০লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

এসময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, মৎস্য বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কানিজ ফাতেমা এবং বিভাগীয় শিক্ষকমণ্ডলী উপস্থিত ছিলেন।



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মৎস্য বিজ্ঞান বিভাগের ভবন নির্মাণসহ সার্বিক উন্নয়নের জন্য এই অনুদান প্রদান করায় বিভাগের অনারারি অধ্যাপক ড. মোহাম্মদ শফিকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় তথা মৎস্য বিজ্ঞান বিভাগের উন্নয়নে একজন শিক্ষকের নিজস্ব সঞ্চয় থেকে এই বৃহৎ অনুদান প্রদান বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে একটি বিরল দৃষ্টান্ত। শিক্ষা ও গবেষণার উন্নয়নে তাঁর এই অনুদান ও মহানুভবতা সমাজের অন্যান্য প্রতিষ্ঠিত ও ধনাঢ্য ব্যক্তিদের উৎসাহিত ও অনুপ্রাণিত করবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন। উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক অধ্যাপক ড. মোহাম্মদ শফির সুস্থ জীবন ও দীর্ঘায়ু কামনা করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ শফি ইতিপূর্বে বিভাগের উন্নয়নের জন্য ৪০ লক্ষ টাকা প্রদান করেন। এছাড়া, তিনি বিভাগে একটি ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার জন্য আরও ৫ লক্ষ টাকা প্রদান করেন।

# ড. নাসরিন খন্দকার স্মৃতি স্বর্ণপদক ও বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ড. নাসরিন খন্দকার স্মৃতি স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ৪ মে ২০১৬ বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কোষাধ্যক্ষ এবং ড. নাসরিন খন্দকার মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠানে বিশিষ্ট অর্থনীতিবিদ ড. এ.এইচ. ওয়াহিদ উদ্দিন মাহমুদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন ইতিহাস বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাজমা বেগম, অধ্যাপক এম এম আকাশ, অধ্যাপক ড. নাসরিন খন্দকারের মাতা ড. হালিদা হানাম প্রমুখ।

অনুষ্ঠানে আইন বিষয়ে ২০১৪ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অর্থনীতি বিভাগের সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত ছাত্র মো: নাহিদ ফেরদৌস পবনকে 'ড. নাসরিন খন্দকার স্মৃতি স্বর্ণপদক' প্রদান করা হয়। এছাড়া, গরীব ও মেধার ভিত্তিতে একই বিভাগের এমএসএস শ্রেণীর ছাত্রী নূর-ই-মুসলিমা এবং মো. মহসিনকে 'ড. নাসরিন খন্দকার স্মৃতি বৃত্তি' প্রদান করা হয়।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. নাসরিন খন্দকার কিডনী জটিলতাসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ২০১১ সালের ২ মে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫বছর। মৃত্যুর পর ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগে 'ড. নাসরিন খন্দকার মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' গঠন করা হয়। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত নাসরিন খন্দকারের পিতা অধ্যাপক ড. আর কে খন্দকার এবং মাতা ড. হালিদা হানাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে ১০ লাখ টাকার একটি চেক হস্তান্তর করেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর অর্থনীতি বিভাগের এম এস এস পরীক্ষায় সর্বোচ্চ জিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে স্বর্ণপদক এবং মাস্টার্সে অধ্যয়নরত ২জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

# ঢাবি এবং জাতীয় সমাজকল্যাণ পরিষদের মধ্যে সমঝোতা চুক্তি সই



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের মধ্যে গত ৮ মে ২০১৬ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিব (যুগ্ম সচিব) মোহাম্মদ ইব্রাহিম খলিল নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তানিয়া রহমান, অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান, অধ্যাপক ড. মো: নুরুল ইসলাম, অধ্যাপক ড. মো: গোলাম আজম, অধ্যাপক ড. মাহবুবা সুলতানা এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হবে। এই কার্যক্রমের মধ্যে থাকবে বাংলাদেশের সমসাময়িক সামাজিক সমস্যা এবং ইস্যুর ওপর জরিপ ও গবেষণা কার্যক্রম পরিচালনা। দেশের দীর্ঘ দিনের সামাজিক ব্যাধি বিশেষ করে ভিক্ষাবৃত্তি, আত্মহত্যা, বাল্যবিবাহ, মাদকাসক্তি সংক্রান্ত অপরাধ, যৌনকর্মী ও যৌনপল্লী, নারী উত্যক্তকরণ, নারী ও শিশুর প্রতি সহিংসতা, সংখ্যালঘু ও ক্ষুদ্র নৃগোষ্ঠী উৎপীড়ন, শিশু শ্রম, কিশোর উন্নয়ন, মানব পাচার, হিজড়া, দলিত ও বেদে সম্প্রদায়ের সামাজিক সমস্যার ওপর তাৎক্ষণিক ও দ্রুত সমীক্ষা কাজ পরিচালনা করে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও পরামর্শ প্রদান করা হবে। এছাড়া, যৌথভাবে বিভিন্ন সামাজিক ইস্যুর ওপর জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার, সিম্পোজিয়াম এবং সম্মেলন আয়োজন করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে এই সমঝোতা চুক্তি স্বাক্ষরের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করে বলেন, এই চুক্তির ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা তাদের সমাজকল্যাণ সংক্রান্ত মূল কাজে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে সর্বাত্মক সহযোগিতা পাবে।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫